Cosmo School

নবম ও দশম শ্রেণি

বাংলা ২য়পত্র

## ৩য় অধ্যায় - ১১শ পরিচ্ছেদ: শব্দের শ্রেণিবিভাগ

১. গঠন অনুসারে শব্দকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

২. 'হস্তী' অর্থগতভাবে কোন শব্দ?
ক) যৌগিক খ) তৎসম
গ) রূঢ়ি ঘ) যোগরূঢ়

৩. 'জলধি' এ যোগরূঢ় শব্দটি কোন অর্থ প্রকাশ করে?
ক) জলাশয় খ) জল রাখার পাত্র
গ) সমুদ্র ঘ) কলসি

৪. 'সন্দেশ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়গত অর্থ কোনটি?
ক) অন্যদেশ খ) সুস্বাদু খাবার
গ) সংবাদ ঘ) মিষ্টান্ন

৫. তিন প্রকার দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণিবিভাগ করা হয়, তা কী কী?
ক) উৎপত্তিমূলক, গঠনমূলক, অর্থমূলক
খ) তত্ত্বীয়, ব্যবহারিক, আঞ্চলিক
গ) উৎপত্তিমূলক, ব্যুৎপত্তিমূলক, উৎসমূলক
ঘ) উৎপত্তিমূলক, ব্যাখ্যামূলক, পারিভাষিক

৬. সাধিত শব্দগুলো সাধারণ -
ক) অর্থবাচক শব্দ খ) স্ত্রীবাচক শব্দ
গ) পুরুষবাচক শব্দ ঘ) জাতিবাচক শব্দ

৭. সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদগুলোর অর্থের অনুযায়ী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাদের কীরূপ শব্দ বলে?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) সাধিত শব্দ

৮. বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি

৯. কোনটি রূঢ়ি শব্দ?
ক) বাঁশি খ) দৌহিত্র
গ) জলধি ঘ) গায়ক

১০. অর্থগতভাবে 'গবেষণা' কোন ধরনের শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়ি গ) যোগরূঢ় ঘ) নবসৃষ্ট

১১. অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়?
ক) দুই ভাগে খ) তিন ভাগে
গ) ছয় ভাগে ঘ) পাঁচ ভাগে

১২. এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?
ক) পদ খ) শব্দ গ) ধাতু ঘ) প্রকৃতি

১৩. অর্থবিশিষ্ট ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে কী বলে?
ক) পদ খ) বাক্য গ) শব্দ ঘ) ধ্বনি

১৪. ভাষার মূল উপকরণ কী?
ক) অক্ষর খ) ধ্বনি গ) বর্ণ ঘ) শব্দ

১৫. রূঢ়ি শব্দ কীসের দ্বারা গঠিত?
ক) সমাস দ্বারা খ) প্রত্যয় দ্বারা
গ) উপসর্গ বা প্রত্যয় দ্বারা ঘ) কারক প্রত্যয় দ্বারা

১৬. 'রাজপুত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কোনটি?
ক) পুত্রের রাজা খ) রাজা যে পুত্র
গ) রাজার পুত্র ঘ) জাতি বিশেষ

১৭. 'জলধি' কোন শব্দ?
ক) যৌগিক শব্দ খ) মৌলিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

১৮. 'সমুদ্র' শব্দটির প্রতিশব্দ কোনটি?
ক) নিচয় খ) শর্বরী গ) অভ্র ঘ) জলধি

১৯.'মহাযাত্রা' কোন প্রকারের শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়ি
গ) মৌলিক ঘ) যোগরূঢ়

২০. কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না?
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
গ) মিশ্র শব্দ ঘ) দেশি শব্দ

২১. প্র+ শাসন = প্রশাসন, এই শব্দটি গঠন অনুসারে -
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
গ) যৌগিক শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

২২. সাধিত শব্দগুলো সাধারণত -
ক) বিশেষ শব্দ খ) বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ
গ) অর্থবাচক শব্দ ঘ) মৌলিক শব্দ

২৩. কোনটি রূঢ়ি শব্দের উদাহরণ?
ক) দৌহিত্র খ) সন্দেশ
গ) কর্তব্য ঘ) পঙ্কজ

২৪. যে সব শব্দের অর্থ তাদের প্রকৃতি ও প্রত্যয়ের অর্থ অনুযায়ী হয়ে থাকে তাদের কী বলে?
ক) মৌলিক শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

২৫. 'রাজপুত' কোন শব্দের উদাহরণ?
ক) যোগরূঢ় শব্দ খ) মৌলিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

২৬. যৌগিক শব্দ কোনটি?
ক) গায়ক খ) প্রবীণ গ) তৈল ঘ) জলধি

২৭. উৎস অনুসারে শব্দকে কত শ্রেণিতে ভাগ করা হয়?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

২৮. অর্থগত দিক থেকে যোগরূঢ় শব্দ কোনটি?
ক) সন্দেশ খ) দৌহিত্র গ) জলধি ঘ) নীলাকাশ

২৯. যৌগিক শব্দের উদাহরণ কোনটি?
ক) মধুর খ) হস্তী
গ) বাঁশি ঘ) জলধি

৩০. যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে কী বলে?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) পরিশব্দ

৩১. মৌলিক শব্দ কোনটি?
ক) গায়ক খ) গোলাপি
গ) গোলাপ ঘ) হরিণ

৩২. 'বাঁশি' কোন ধরনের শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) যৌগিক শব্দ ঘ) পারিভাষিক শব্দ

৩৩. 'পাতি' ও 'ইতি' কোন উপসর্গ?
ক) খাঁটি বাংলা উপসর্গ খ) তৎসম উপসর্গ
গ) বিদেশি উপসর্গ ঘ) ফারসি উপসর্গ

৩৪. 'প্রবীণ' কোন প্রকার শব্দ?
ক) নবসৃষ্ট খ) যৌগিক গ) যোগরূঢ় ঘ) রূঢ়ি

৩৫. কোনটি সাধিত শব্দ?
ক) ভাই খ) বোন
গ) ঢাকাই ঘ) গোলাপ

৩৬.'দৌহিত্র' অর্থ কী?
ক) দুজন হিতাকাঙ্ক্ষী খ) দেয়ালের লেখন
গ) কন্যার পুত্র ঘ) ছেলের পুত্র

৩৭. প্রত্যেকটি সাধিত পদের কয়টি অংশ থাকে?
ক) একটি খ) দুটি
গ) তিনটি ঘ) চারটি

৩৮. 'সন্দেশ' অর্থগত দিক থেকে কোন প্রকারের শব্দ?
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) তদ্ভব শব্দ

৩৯. দৌহিত্র কোন শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যৌগিক শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) তদ্ভব শব্দ

৪০. মিষ্টান্ন অর্থে 'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) দেশী শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

৪১. কোন রূঢ়ি শব্দটি উপসর্গযোগে গঠিত হয়েছে?
ক) বাঁশি খ) তৈল গ) পাঞ্জাবি ঘ) প্রবীণ

৪২. 'গবেষণা' - কোন শ্রেণির শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়
গ) মৌলিক ঘ) যোগরূঢ়

৪৩. 'ভাগিনেয়' কোন প্রকার শব্দের উদাহরণ?
ক) মৌলিক খ) যৌগিক
গ) রূঢ়ি ঘ) যোগরূঢ়

৪৪. 'পঙ্কজ' শব্দটি একমাত্র পদ্মফুল অর্থেই ব্যবহৃত হয়। তাই শব্দটি-
ক) বিভক্তিযুক্ত শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) যৌগিক শব্দ ঘ) বিদেশি শব্দ

৪৫. কোনটি যৌগিক শব্দ?
ক) বাঁশি খ) পাঞ্জাবি
গ) পঙ্কজ ঘ) বাবুয়ানা

৪৬. যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম সে সকল শব্দকে কী বলে?
ক) মৌলিক শব্দ খ) যৌগিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

৪৭. কোনটি যোগরূঢ় শব্দ?
ক) মধুর খ) বাঁশি গ) পঙ্কজ ঘ) প্রবীণ

৪৮. 'গায়ক' কোন শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যৌগিক শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) পরিশব্দ

৪৯. গায়ক = গৈ + ণক (অক) অর্থ গান করে যে, কোন শব্দের উদাহরণ?
ক) যোগরূঢ় শব্দের খ) নবসৃষ্ট শব্দের
গ) যৌগিক শব্দের ঘ) রূঢ়ি শব্দের

৫০. যৌগিক শব্দ নয় কোনটি?
ক) দৌহিত্র খ) বাবুয়ানা
গ) কর্তব্য ঘ) রাজপুত